# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪১৩

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. জামা'আতে সালাত সম্পাদন ও ইমামতি - যে সমস্ত ব্যক্তিদের জন্য ইমামতি বৈধ নয়

## আরবী

وَلِابْنِ مَاجَهْ: مِنْ حَدِيثِ جَابِرٍ: «وَلَا تَؤُمَّنَّ امْرَأَةٌ رَجُلًا, وَلَا أَعْرَابِيٌّ مُهَاجِرًا, وَلَا فَاجِرٌ مُؤْمِنًا». وَإِسْنَادُهُ وَاهٍ

منكر. رواه ابن ماجه (1081)

## বাংলা

৪১৩. এবং ইবনু মাজাহতে জাবির (রাঃ) এর বর্ণিত একটি হাদীস রয়েছে: কোন স্ত্রীলোক পুরুষের ইমামতি করবে না এবং কোন অজ্ঞ লোক কোন মুহাজিরের এবং কোন ফাজির (দুরাচারী) মুমিনের ইমামতি করবে না। এর সানাদ অত্যন্ত দুর্বল (ওয়াহ)।[1]

## ফুটনোট

[1] ইবনু মাজাহ ১০৮১। ইমাম সনআনী তাঁর সুবুলুস সালাম (২/৪৭) গ্রন্থে বলেন, এর সানাদে আবদুল্লাহ বিন মুহাম্মাদ আল আ'দাবী রয়েছেন যিনি আলী বিন যায়দা বিন জাদআন থেকে বর্ণনা করেছেন। আর আদাবীকে ওয়াকী' হাদীস জালকারী হিসেবে আখ্যায়িত করেছেন। আর শিক্ষকও দুর্বল বর্ণনাকারী। ইবনু উসাইমীনও তাঁর শরহে বুলুগুল মারাম (২/২৬৯) গ্রন্থে একে দুর্বল বলেছেন। শাইখ আলবানী ইরওয়াউল গালীল (৫২৪) গ্রন্থেও একে দুর্বল বলেছেন। ইমাম শাওকানী তাঁর নাইলুল আওত্বার (৩/১৯৯) গ্রন্থে বলেন, এর সানাদে আবদুল্লাহ বিন মুহাম্মাদ আত তামীমী রয়েছেন। আর তাকে সমর্থন করেছেন আবদুল মালিক বিন হাবীব। কিন্তু তিনি হাদীস চুরি ও হাদীস ওলটপালটকারী হিসেবে অভিযুক্ত। আর এর সানাদে আলী বিন যায়দ বিন যাদ আন রয়েছেন, তিনিও দুর্বল।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70224

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন